

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্য বিবরণীঃ

তারিখ : ১১/০৭/২০২৩ ইং।

সময় : ১২.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মিতালী দত্ত, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম :

ভিজিডি কর্মসূচী :

২০২৩-২৪ ভিজিডি চক্রের আওতায় নির্বাচিত ভিজিডি মহিলাদের খাদ্য ও প্রশিক্ষণ সুবিধা প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। দুঃস্থ মহিলাদের খাদ্য সহায়তা প্রদান সহ প্রশিক্ষণের মাধ্যমে আত্মনির্ভরশীল করে গড়ে তোলা এই কর্মসূচীর প্রধান লক্ষ্য। উপকারভোগীর সংখ্য সংগ্রহ ও যথাযথভাবে ভিজিডি ব্যাংক হিসাবে জমা করার ও প্রশিক্ষণ প্রদান করছে।

দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা :


দুঃস্থ মহিলাদের গর্ভকালীন সময়ে পুষ্টির ব্যবস্থা সহ প্রসবের পরবর্তী সময়ে সন্তানের পুষ্টির সহায়তা প্রদানের পাশাপাশি চুক্তিবদ্ধ এনজিও কর্তৃক বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান এই কর্মসূচীর অন্যতম উদ্দেশ্য। এই কর্মসূচীর কার্যক্রম চলমান রয়েছে।

মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম :

মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচীর কার্যক্রম চলমান রয়েছে।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


১১/০৭/২৩

(মিতালী দত্ত)

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার।